পুতুল বিয়ে – চাঁদনী

পুতুল সোনা, পুতুল সোনা
রাগ করনা।
কাল তোমার বিয়ে দেব,
বউ সাজ না।

শাড়ি দেব, গয়না দেব
দেব হাতের চুড়ি।
সুন্দর একটা বর দেব
যাবে শশুড় বাড়ি।

দুই ঘন্টা বাইরে ম্যাজিস্ট্রেট, ভেতরে আটকা অসংখ্য ক্রেতা

কুষ্টিয়ায় দোকান বাইরে থেকে তালা লাগিয়ে ভেতরে রমরমা ব্যবসায়ের অভিযোগে মৌ ফ্যাশান নামে এক দোকান মালিককে ২০ হাজার টাকা জরিমানা আদায় করেছে ভ্রাম্যমাণ আদালত। এছাড়াও সরকারি নির্দেশনা না মানায় বিভিন্ন দোকান মালিককে মোট ৪৪ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

শুক্রবার সকাল থেকে বিকেল পর্যন্ত এসব অভিযান পরিচালনা করা হয়।

কুষ্টিয়া জেলা প্রশাসনের কার্যালয়ের নির্বাহী ম্যাজিস্ট্রেট সবুজ হাসান জানান, গোপন সংবাদের ভিত্তিতে কুষ্টিয়া শহরের ইসলামিয়া মার্কেটে অবস্থিত মৌ ফ্যাশন নামক তিন তলা বিশিষ্ট বস্ত্রবিতানের ভিতরে অসংখ্য ক্রেতা ঢুকিয়ে দিনের পর দিন কৌশলে রমরমা ব্যবসা চালিয়ে আসছে।

এমন অভিযোগে শুক্রবার দুপুরে অভিযান পরিচালিত হয়। কিন্তু জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেটের উপস্থিতি টের পেয়েই সেখানকার

২১ জন কর্মচারী, মালিক ও অসংখ্য ক্রেতা সহ তিন তলার প্রতিটি দরজায় বাহিরে থেকে তালা লাগিয়ে দোকানের অপর একজন মালিক পালিয়ে যায়।

দীর্ঘ দুই ঘন্টা অপেক্ষায় থাকার পর দোকান মালিক সমিতির নেতাদের সাথে করে সেই দোকান মালিক এসে দোকান খুললে ভেতরে গিয়ে দেখা যায়, বিদ্যুৎবিহীন দোকানের অন্ধকার প্রকোষ্ঠে আটকে পড়া অসংখ্য ক্রেতা সাধারন। তাদেরকে প্রায় দুই ঘন্টার শ্বাসরুদ্ধকর অভিযান পরিচালনা করে উদ্ধার করা হয়।

এমন অমানবিক কার্যক্রম ও সরকারি আদেশ অমান্য করে গণজমায়েত করে ব্যবসা পরিচালনার দায়ে দোকান মালিককে দন্ডবিধি, ১৮৬০ আইন এর ২৬৯ ধারা মোতাবেক ২০ হাজার টাকা জরিমানা ও অনাদায়ে ১৫ দিনের বিনাশ্রম কারাদন্ডের শাস্তি প্রদান করা হয়।

তিনি আরও জানান, শহরের বিভিন্ন শপিংমল, বস্ত্রবিতান ও কসমেটিকস সামগ্রীর দোকানে করোনা বিস্তারোধকল্পে সামাজিক দুরত্ব নিশ্চিতকরণে ভোর ৬ টা হতে এই অভিযান পরিচালনা করে প্রায় ত্রিশ জন বিক্রেতা ও ক্রেতাকে আরও ২৪ হাজার টাকা সহ মোট ৪৪ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

জনস্বার্থ ও জনস্বাস্থ্য সুরক্ষায় এমন অভিযান অব্যাহত থাকবে বলেও জানান তিনি।

এসময় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা উপস্থিত ছিলেন।

আমি মুগ্ধ – মোঃ আজিজুর রহমান

আমি বাংলাকে দেখি দুচোখ ভরে
অনুভব করি হৃদয়ের গভীর থেকে,
অপূর্ব বাংলার রুপ বৈচিত্র্য
যা সমস্ত সৌন্দর্য কে হার মানায়।

উত্তর-দক্ষিন, পূর্ব-পশ্চিম-
যে দিকে তাকাই আমি মুগ্ধ হয়,

পড়ন্ত বিকেলে নদীর ঘাটে বসে
পাখির কলকাকলিতে আমি মুগ্ধ।
বাঙ্গালির ইতিহাস জেনে কে না হবে মুগ্ধ?

সাহসিকতার সাথে মোকাবেলা করেছে বাঙ্গালি ভাষা আন্দোলন এবং মুক্তিযুদ্ধ।
এই দেশেতে জন্ম নিয়ে আমি
বড় হয়েছি আমার মায়ের কোলে
তাই তো আমি মুগ্ধ বার বার।

রূপকথা – শরিফুল ইসলাম

হাজার প্রশ্নের ভিড়ে একটি প্রশ্ন রয়ে যায়, মানুষের জীবনটাকে-কি, রূপকথা বলা যায়? মানুষের জীবনে তো আসে কত রাত দিন,
রূপকথার গল্পে-সেতো, অবিকল এক সিন।

তবে কেনো জীবনটাকে বলা হবে না রূপকথা? মানুষকে যে গড়া হয় সুখ দুখ দিয়ে ব্যথা! রূপকথার গল্পেও তো সুখ দুখ সব থাকে,
তবে কেনো জীবনটাকে শুরু শুধু প্রাণ ডাকে?

মনে হয় তোমাদের হিসাবে’তে আছে গোল, জীবনের হিসাবটাই তাই করি আমি ভুল।
জীবন তো জীবনই, রূপকথা কি কাল্পনিক? মানুষের প্রাণ থেকে যে, রূপকথা নেয় দিক!

তাই আমি বলে যাবো এক কথা এক সুরে, রূপকথার জীবনটা যে, থাকে নাকো খুব দূরে। মানুষের জীবনটাকে যে, এক রূপকথা কয়, মানুষের জীবনটাই একদিন রূপকথা হয়।

[illegible] [illegible] [illegible] - [illegible] [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible]
[illegible] [illegible] [illegible]
[illegible] [illegible] [illegible] [illegible]
[illegible] [illegible] [illegible]…!

[illegible] [illegible] [illegible] [illegible]
[illegible] [illegible]
[illegible] [illegible] [illegible]
[illegible] [illegible] [illegible] [illegible]…!!

[illegible] [illegible] [illegible] - [illegible]: [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]
[illegible] [illegible] [illegible] [illegible] [illegible], [illegible] [illegible] [illegible]
[illegible] [illegible] [illegible] [illegible] [illegible], [illegible] [illegible] [illegible]
[illegible] [illegible] [illegible], [illegible] [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible], [illegible] [illegible] [illegible]
[illegible] [illegible] [illegible] [illegible],[illegible]!
[illegible] [illegible] [illegible] [illegible] [illegible], [illegible] [illegible] [illegible]
[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] – [illegible] [illegible]!
[illegible] [illegible] [illegible] [illegible], [illegible] [illegible]
[illegible] [illegible], [illegible] [illegible], [illegible] [illegible] [illegible]!!

হয়তো কভু তোমায় ভুলে, ভূয়ের মায়ায় পরে
খোদা তোমায় স্মরণে আনেনি সকাল বিকেল ক্ষণে..! আজকে ভূয়ের মায়া ছেড়ে তোমার কাছে গেলো জীবনের সব পাপ ক্ষয়ে, তারে ক্ষমা কর।

যখন কাউকে হারিয়ে ফেলি জীবন থেকে কভু
মাফ করে দাও খোদা তাকে, মিনতি করি তবু।
মাফ করে দাও নিষ্পাপ শিশু, মাফ করে দাও তারে দুজানে জান্নাত পায়, প্রার্থনা তোমার দরবারে।

চাই না কিছু একটাই চাওয়া, শান্তিতে রেখো তারে জানি না তার কেমন হবে,আখিরাতের কবরে!
তার যুক্তি পাবে কি মুক্তি, থাকবে কি সে সুখে মাফ করে দাও খোদা তুমি – আখিরাতে তাকে!
হয়তো ভুলে কত কিছু, করেছে কত পাপ
শিথিল তুমি, গাফফার তুমি, মাফ করে দাও তাক!!

হয়তো কভু তোমায় ভুলে, ভূয়ের মায়ায় পরে
খোদা তোমায় স্মরণে আনেনি সকাল বিকেল ক্ষণে..!
আজকে ভূয়ের মায়া ছেড়ে তোমার কাছে গেলো
জীবনের সব পাপ ক্ষয়ে, তারে ক্ষমা কর।

করোনায় শিশুরা – ওবায়দুল মুন্সী

সাথিরা নেই সাথে
নিরবে দিনরাতে
হয়েছে করোনাতে বন্দি,
বন্ধ ইশকুল বিকেলের খেলাটা
হইচই নেই তো আনন্দ মেলাটা দুরাশায় কাটছে অলসেমি বেলাটা সবেমিলে করেছি সন্ধি!

আজকের শিশুরা
আগামীর যিশুরা
বসেবসে ভাবছে নিত্য,
এঁকা এঁকা বাড়িতে আর কত থাকবে
কবে যাবে পড়তে চারুকলা আঁকবে
অংকের নামতা জোরে জোরে হাঁকবে
খুশিতে ভরে যাবে চিত্ত।

ঘুড়ি – হাবীব হোসেন

দক্ষিণা হাওয়ায় একটু দেখো
আকাশ পানে চেয়ে,
উড়ায় ঘুড়ি ছোট্ট বালক
নাটাই হাতে নিয়ে।

উড়ছে ঘুড়ি ছুটছে জোরে
খোলা আকাশ পেয়ে,
আনন্দ পায় ছোট্ট বালক
ঘুড়ির পানে চেয়ে।

একটু করে দিচ্ছে ছেড়ে
একটু করে টান,
এতেই দেখ বালক মনে
বইছে সুখের বান।

আমি শুনেছি – এ সুমাইয়া

শুনেছি বাতাসে এখন ভাসে মৃত্যুর আর্তনাদ
মৃত্যুর কোলে ঢলে পড়ছে মানুষ

আকাশে ওড়া থেমে গেছে রঙিন ফানুস
জন্ম নেওয়ার আগেই নিতে হচ্ছে মৃত্যুর স্বাদ। বিশ্ব জুড়ে এখন হাহাকার আহাজারি
ক্ষুধার জ্বালায় মরছে মানুষ, শিশু নারী।

ভয়াল থাবা বসিয়েছে করোনা
বিষাক্ত তীরে বিশ্ব আজ বিদ্ধ
ধুঁকে ধুঁকে মরছে বৃদ্ধ
প্রিয়জনের সাথে বুঝি আর দেখা হবে না।

শুনেছি বিশুদ্ধ বাতাস এখন বন্দি কারাগারে কাঁদছে মা, খাবার নেই ঘরে
দরজার দিকেই চোখ শিশুর
খাবার নিয়ে আসা বাবার দেখা আর মিলেনা।

নির্ভিক নিশাচরের মত ঘুরছে সেনাবাহিনী
বহুদিন প্রিয় মানুষের দেখা মেলেনি
শুনেছি, ডাক্তার এখন নিজেই রোগী
অবহেলায় ভুগছে ভুক্তভোগী।

শুনেছি বাতাসে নাকি এখন একটাই গুঞ্জন
লকডাউন! লকডাউন!! লকডাউন!! হ্যাঁ আমি শুনেছি।।

দেশের প্রেম – জুলফিকার আলী

ওই যে দেখো সবুজবন
তাতে কত পাখি
করছে ডাকাডাকি।
সকাল-বিকাল ফুলের সাথে;
প্রজাপতি,
করছে মাখামাখি।

বনের মাঝে গাছে গাছে সবুজ পাতা

সবুজে ছোঁয়া মন,
প্রকৃতির এই সবুজ শোভায়-হাসছে,সবুজ এ বন।

ওই খুকি স্বাধীন হবে ডানা মেলে উড়বে,
পাখিদের সাথে তুমি
বনে বনে ঘুরবে।
মুক্তির স্বাদ পেয়ে; স্বাধীনতায় মুড়বে,
সবুজে সবুজে অন্তর তোমার দেশের প্রেমে জুড়বে।